

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

ও এন্ড এম সেকশন

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৪.১০.০১৩.২৩ নথির বিষয়: অনলাইন বিলিং সার্ভারের জন্য নেটওয়ার্ক সুইচ সংগ্রহকরন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: অনলাইন বিলিং সার্ভারের জন্য নেটওয়ার্ক সুইচ সংগ্রহকরন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৩/৮/২৩ ৪:২২ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনলাইন বিলিং সার্ভারের মাধ্যমে ঢাকা ওয়াসার রাজস্ব সম্পর্কিত সকল কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। গত ০৯/০৮/২০২৩ ইং তারিখে রাত্রী ০১ ঘটিকা হতে প্রায় ৭ ঘন্টা বিদ্যুৎ না থাকায় (অনলাইন ইউপিএস এর Backup time – 5 hours) বিলিং সার্ভারটি Abnormal Shutdown হয়ে যায়। পুনরায় বিলিং সার্ভারটি সচল করতে এবং প্রয়োজনীয় সার্ভিস চালু করতে দীর্ঘ সময়ের প্রয়োজন পড়ে। সার্ভারটি সম্পূর্ণরূপে চলমান হওয়ার পরও দেখা যায়, ৩৪ টি ব্যাংকের মধ্যে মাত্র ৮ টি ব্যাংক অনলাইন বিলিং সার্ভার অ্যাক্সেস করতে পারে। বিলিং সার্ভারের সহিত ব্যাংক সমূহের সংযোগ স্থাপনের জন্য ব্যবহৃত নেটওয়ার্ক সুইচগুলো (৪ টি) সঠিকভাবে কাজ করছে না। ব্যবহৃত সুইচগুলো ওয়ারেন্টির মেয়াদ শেষ হওয়ায় পুনরায় ব্যবহার করা যাচ্ছে না।

অনলাইন বিলিং সার্ভার সচল করনের সকল কার্যক্রম প্রধান রাজস্ব কর্মকর্তা এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়গণ সার্বক্ষণিক তদারকি করেন। নেটওয়ার্ক সুইচগুলোর সমস্যার বিষয়টি উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়কে অবহিত করলে তিনি দ্রুততম সময়ের মধ্যে বিলিং সার্ভার সম্পর্কিত সকল সমস্যা সমাধানের জন্য নির্দেশ প্রদান করেন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৩/৮/২৩ ৪:২৬ অপরাহ্ন

অনলাইন বিলিং সার্ভারের সহিত সংযুক্ত ৪ টি নেটওয়ার্ক সুইচ (১টি ৪৮ পোর্ট এবং ৩টি ২৪ পোর্ট) নতুনভাবে স্থাপন করার জন্য নিম্নোক্ত সরণীতে বর্ণিত মালামাল প্রয়োজন।

Sl. No.	Item	Unit	Quantity
1	Cisco C1000-48T-4X-L Catalyst 1000 Series Switches	Pcs	1
2	Cisco C1000-24T-4X-L Catalyst 1000 Series Switches	Pcs	3

সংযুক্তিসমূহ (২):

১। ১টি ৪৮ পোর্ট.

২। ৩টি ২৪ পোর্ট.

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৩/৮/২৩ ৪:৩১ অপরাহ্ন

বর্তমান বাজার দর যাচাইকরত তিনটি কোটেশন সংগ্রহ (Quotation of Alien IT Solution, Quotation of Computer Services এবং Quotation of Chi Square Technology) করা হয়েছে এবং একটি Official Estimated Cost প্রস্তুত করা হয়েছে।

ক্রমিক	দরদাতা প্রতিষ্ঠান	দর	মন্তব্য
১	Alien IT Solution	৮৪৬,০০০/-	১ম সর্বনিম্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

২	Computer Services	৮৫৪,৮০০/-	২য় সর্বনিম্ন
৩	Chi Square Technology	৮৫৭,২০০/-	৩য় সর্বনিম্ন

সরণী হতে দেখা যায় যে, Alien IT Solution এর দর ১ম সর্বনিম্ন এবং মূল্য = ৮৪৬,০০০/- (আট লক্ষ ছেচল্লিশ হাজার মাত্র) টাকা।

সংযুক্তিসমূহ (৪):

- ১। Quotation of Alien IT Solution.
- ২। Quotation of Computer Services.
- ৩। Quotation of Chi Square Technology.
- ৪। Official Estimated Cost.

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৩/৮/২৩ ৪:৩২ অপরাহ্ন

এমতাবস্থায় অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে “অনলাইন বিলিং সার্ভারের জন্য নেটওয়ার্ক সুইচ সংগ্রহকরন প্রসঙ্গে।” শীর্ষক কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করার লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে:

ক) আলোচ্য কাজটি “Alien IT Solution” এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

খ) আলোচ্য কাজের প্রাক্কলিত ব্যয় = ৮৪৬,০০০/- (আট লক্ষ ছেচল্লিশ হাজার মাত্র) টাকার অনুমোদন করা যেতে পারে।

গ) কাজটি পিপিআর-২০০৮ এর ৭৬(১) এর (ট) মোতাবেক “Alien IT Solution” এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

ঘ) কার্যশেষে বিল BEFTN –এর মাধ্যমে প্রদান করা হবে।

ঙ) উক্ত কাজটি এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত APP – তে অন্তর্ভুক্তি সাপেক্ষে “কম্পিউটার ক্রয়” খাত হতে নির্বাহ করা যেতে পারে।

M. Rahman

১৩/৮/২৩ ৪:৪৩ অপরাহ্ন
মোঃ মোখলেছুর রহমান
মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
(নেটওয়ার্ক)
ও এন্ড এম সেকশন

১৩/৮/২৩ ৪:৪৩ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
(অতিরিক্ত দায়িত্ব)
এমআইএস এন্ড বিলিং
ডিপার্টমেন্ট

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১৪/৮/২৩ ৯:২৭ অপরাহ্ন

Note 1.0 maybe seen and forwarded for the approval of note 1.3.

APM


১৪/৮/২৩ ৯:২৭ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
(অতিরিক্ত দায়িত্ব)
এমআইএস এন্ড বিলিং
ডিপার্টমেন্ট

১৪/৮/২৩ ৯:২৭ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর


ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৫/৮/২৩ ৪:২৬ অপরাহ্ন

Okay



১৫/৮/২৩ ৪:২৬ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



১৬/৮/২৩ ৯:৫৩ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
(অতিরিক্ত দায়িত্ব)
এমআইএস এন্ড বিলিং
ডিপার্টমেন্ট

১৬/৮/২৩ ৯:৫৩ পূর্বাহ্ন
মোঃ মোখলেছুর রহমান
মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
(নেটওয়ার্ক)
ও এন্ড এম সেকশন